

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, খুলনা

www.infokhulna.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.২৪

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩
২৭ এপ্রিল ২০২৬

বিষয়: এপ্রিল ২০২৬ মাসের প্রথম পক্ষের জনমত প্রতিবেদন।

বিদ্যুৎ পরিস্থিতি: সম্প্রতি খুলনাতে প্রতদিন প্রায় তিন ঘণ্টা লোডশেডিং দেখা যাচ্ছে। তীব্র তাপপ্রবাহের কারণে বিদ্যুতের চাহিদা বেড়েছে পাশাপাশি জ্বালানি সংকটের কারণে বিদ্যুৎ উৎপাদন কমেছে। স্থানীয় পল্লীবিদ্যুৎ অফিস সূত্রে জানা যায় এ পরিস্থিতির দ্রুত সমাধানকল্পে সরকারি নির্দেশনানুযায়ী স্থানীয় বিদ্যুৎ বিভাগ কাজ করে যাচ্ছে।

স্থানীয় বিষয়: খুলনাতে হামের প্রাদুর্ভাব তুলনামূলক নিয়ন্ত্রণে থাকলেও মানুষের মধ্যে আতঙ্ক রয়েছে। এ পরিস্থিতি মোকাবিলায় স্থানীয় স্বাস্থ্য অধিদপ্তর ২০ এপ্রিল ২০২৬ তারিখ থেকে ব্যাপক টিকাদান কর্মসূচি চালু করেছে, যেখানে লক্ষাধিক শিশুকে টিকার আওতায় আনার পরিকল্পনা নেওয়া হয়েছে। এছাড়া জনমনে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে খুলনা বিভাগীয় তথ্য অফিস হাম বিষয়ক প্রচার পচারনা চালিয়ে যাচ্ছে।

পরিবেশ: বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গুর প্রকোপ কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও মশার উপদ্রব অনেক বেড়েছে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

আইন শৃঙ্খলা: খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক ও নিয়ন্ত্রণে রয়েছে। এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সোচ্চার থাকার পাশাপাশি নিরলসভাবে কাজ করে যচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট।

দ্রব্যমূল্য: স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সাক্য বাজার, গল্লামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় বেগুন, শসা, টমেটোসহ বিভিন্ন সবজির দাম আগের তুলনায় উল্লেখযোগ্যভাবে কমেছে। পৈয়াজের দামও কমে বর্তমানে প্রতি কেজি ২৫-৪০ টাকার মধ্যে বিক্রি হচ্ছে। অনেকক্ষেত্রে কৃত্রিম সংকট সৃষ্টি করে দাম বাড়ানোর অভিযোগ থাকায় জেলা প্রশাসনের, খুলনার নিয়মিত বাজার তদারকি ও মোবাইল কোর্ট কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাণ্ড কমেছে।

নৈতিক অবক্ষয়: নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার: অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।



২৭-০৪-২০২৬

গাজী জাকির হোসেন

পরিচালক

ফোন : ০২৪৭৭৭২১৮৪২

ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২

ইমেইল : ddinfokhulna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

